



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র.জ.প্র/২০২২/৩১(৪)/৫৫১

তারিখঃ ২০ চৈত্র ১৪২৮
০৩ এপ্রিল ২০২২


অফিস আদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ আইন, ২০০১ এর ধারা ৩৭ এর চাকুরি বিধি অনুযায়ী নিম্নোক্ত শর্তানুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য বিভাগীয় চেয়ারম্যানগণ-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চাকুরিবিধির ১৫ নং অনুচ্ছেদে বর্ণিত জ্যেষ্ঠতা নির্ধারণে সাধারণ নীতিমালা :

- (১) একজন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী যে তারিখে স্থায়ী/অস্থায়ী পদে যোগদান করেন সে তারিখ হতে উক্ত পদের সমশ্রেণীভূক্ত পদে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- (২) সমশ্রেণীভূক্ত পদে একাধিক ব্যক্তির যোগদানের তারিখ একই হলে উচ্চতর পদে তাদের জ্যেষ্ঠতা নিম্ন পদের জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্ধারিত হবে। একাধিক শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর নিম্নপদে ধারাবাহিক নিয়োগের তারিখ একই এবং নিম্নপদে তাদের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণের সুনির্দিষ্ট কোন বিধি না থাকলে অধিক বয়স্ক শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী জ্যেষ্ঠ হবেন।
- (৩) ১ ও ২ উপধারা অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা সম্ভব না হলে, নিম্নোক্ত ভাবে জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে :
 - (ক) উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে নির্বাচনী কমিটি যদি দুই বা ততোধিক ব্যক্তিকে নিয়োগের জন্য সুপারিশ করেন সে ক্ষেত্রে নির্বাচনী কমিটি কতক নির্ধারিত মেধার ভিত্তিতে তাদের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
 - (খ) উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে যদি শুধু একজন প্রার্থীকে নিয়োগের উদ্দেশ্যে সুপারিশ করা হয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে যোগদানের তারিখ হতে তার জ্যেষ্ঠতা গণনা করা হবে। তবে কোন ব্যক্তি যদি অস্থায়ী ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োজিত থাকেন, সে ক্ষেত্রে অস্থায়ী পদে যোগদানের তারিখ হতে তার জ্যেষ্ঠতা গণনা করা হবে।
 - (গ) একাধিক ব্যক্তির একই বা সমশ্রেণী ভূক্ত পদে একদিন যোগদান করলে এবং উপরোক্ত পদ্ধতিতে তাদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা সম্ভব না হলে বয়োজ্যেষ্ঠতার ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,


(মোঃ মোরাদ হোসেন)


রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র.জ.প্র/২০২২/৩১(৪)/৫৫১(৫০)

তারিখঃ ২০ চৈত্র ১৪২৮
০৩ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। সকল বিভাগীয় প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৩। অফিস নথি।


(মন্টু বাইডে)

সেকশন অফিসার